# Times Today BD

ডেস্ক রিপোর্ট | চাকুরী | 25 April, 2025

বিসিএস পরীক্ষার সিলেবাস যুগোপযোগী করার কাজ করছে সরকারি কর্ম কমিশন (পিএসসি)। আগামী নভেম্বরে আসতে পারে ৪৯তম বিসিএস।এই বিসিএস থেকে নতুন সিলেবাসে পরীক্ষা নেওয়া হবে।গতকাল বৃহস্পতিবার এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানানো হয়।সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন পিএসসির চেয়ারম্যান মোবাশ্বের মোনেম ও অন্য সদস্যরা।

চেয়ারম্যান মোবাশ্বের মোনেম বলেন, ৪৯তম বিসিএস থেকে যুগোপযোগী সিলেবাস হবে।নতুন সিলেবাস এমন হবে, যেন প্রার্থীরা বিশ্বের যেকোনো দেশে নিজেকে যোগ্য করে তুলতে পারেন।পিএসসি আরও শিক্ষার্থীবান্ধব প্রতিষ্ঠান হবে।

পিএসসির সদস্য মো. নাজমুল আমীন মজুমদার বলেন, 'আমাদের পার্শ্ববর্তী বিভিন্ন দেশ যেমন ভারত, শ্রীলঙ্কা ও সিঙ্গাপুরের চাকরির পরীক্ষার সিলেবাসগুলো নিয়ে গবেষণা করছি।সেগুলোর সঙ্গে মিলিয়ে নতুন সিলেবাস করা হচ্ছে।নতুন সিলেবাসে মুখস্থ করার বিষয় কম থাকবে।শুধু সিভিল সার্ভিস নয়, প্রার্থীরা যেন গ্লোবাল ক্যান্ডিডেট হতে পারেন, সব ধরনের কাজের জন্য নিজেকে প্রস্তুত করতে পারেন, সেভাবে সিলেবাস করা হচ্ছে।

পিএসসির আরেকটি সূত্র জানিয়েছে, ৪৯তম বিসিএসে প্রিলিমিনারি, লিখিত ও মৌখিক পরীক্ষা থাকবে।তবে সিলেবাসের বিষয়গুলোতে পরিবর্তন আসবে।

বিসিএস সিলেবাস পিএসসি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 22:25

URL: https://www.timestodaybd.com/jobs/5793571423